



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়
ঈশ্বরদী, পাবনা।
www.bbs.ishurdi.pabna.gov.bd

স্মারক নং-৫২.০১.৭৬৩৯.০০০.০২.০১২.২০২০-৪৫২

তারিখঃ

২৯শে পৌষ ১৪২৬ বঙ্গ

১৩ জানুয়ারি ২০২০ খ্রীঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ঈশ্বরদী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাভাদি(টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|--------|---------------------|--|--|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের বর্তমান ডিপিপি'র মোতাবেক সম্মানী ভাভা পাবেন। | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রকল্পের বর্তমান ডিপিপি'র মোতাবেক সম্মানী ভাভা পাবেন। | ১) ন্যূনতম এইচএসসি/সমমানেরপাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

বিঃদ্রঃ উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলীঃ

- ১) তালিকাকারী/গণনাকারীর ন্যূনতম যোগ্যতা হবে উচ্চমাধ্যমিক পাশ বা সমমান, সুপারভাইজারকে স্নাতক বা সমমান পাস হতে হবে। বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে শর্ত শিথিলযোগ্য হবে।
- ২) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়/www.bbs.ishurdi.pabna.gov.bd থেকে নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ৩) ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition(ICR) ফর্মের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে।
- ৪) খানা তালিকা প্রণয়ন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী)খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ৫) খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।
- ৬) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৭) খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৮) তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- ৯) খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্যান্যকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ১০) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- ১১) সকল পদের আবেদন ফরম খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে ২৯/০১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয়ের/ উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ১২) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায়(প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১৩) শুধুমাত্র খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার ওয়েবসাইটেও প্রকাশ করা হবে। একইসাথে মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে জানানো হবে।
- ১৪) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৫) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



মোঃ শিহাব রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা।

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
ঈশ্বরদী, পাবনা।